

027

## প্রাথমিক স্কুল মেরামতের অনুদান ফেরত গেছে

বিনাইদহ, ২৭ জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— বিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের ব্যর্থতার কারণে গত বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক স্কুল মেরামতের জন্যে দেয় ১ লাখ ৫ হাজার টাকার সরকারী অনুদান ফেরত গেছে। জানা যায়, গত ফেব্রুয়ারী মাসে এ টাকা উপজেলা শিক্ষা অফিসে আসে। কিন্তু অজ্ঞাত কারণে এ টাকার কথা গোপন রাখা হয়। পরে জুন মাসে টেওয়ার

আইবান করা হয়। কিন্তু কাজ শুরু হবার আগেই অর্থবছর পার হয়ে যায়। এ টাকা গত অর্থবছরের মধ্যেই খরচ করার নির্দেশ ছিল।

এ ব্যাপারে শিক্ষা অফিসার কোন সদুত্তর দিতে পারছেন না। এ ঘটনা জানাজানি হবার পর উপজেলা চেয়ারম্যান ও শিক্ষা অফিসারের উপর জনসাধারণের ক্ষোভের সৃষ্টি হয়েছে।

উল্লেখ্য, শৈলকুপা উপজেলার অনেক প্রাইমারী স্কুলগৃহ আছে যেগুলো মেরামত ছাড়া ক্লাস করা সম্ভব নয়।